# BIAM Laboratory School & College, Bogura
Upashahar, Nishindara, Bogura — 5800, Bangladesh
বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, বগুড়া
উপশহর, নিশিন্দারা, বগুড়া – ৫৮০০, বাংলাদেশ
Estd. 2004 | EIIN No. : 131045 | School Code: 4321 | College Code: 4362
[Bangla Medium & English Version]


স্মারক নং: ০৫.০৫.১০২০.০০১.১৬.০১৬.২৫-১৩২৮ তারিখ: ০১.০৬.২০২৫খ্রি.

## অফিস আদেশ

এত দ্বারা অত্র প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল শিক্ষক/কর্মচারীকে বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **"বিয়াম ফাউন্ডেশন পরিচালিত ও নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা নীতিমালা ২০২১"** এর ৪র্থ অধ্যায় (পাঠদান কার্যক্রম) এর ২৭ নং অনুচ্ছেদ অনুসারে অত্র প্রতিষ্ঠানের কর্মরত শিক্ষক/কর্মচারীগণ প্রাইভেট টিউশনি, কোচিং সেন্টার পরিচালনা বা কোচিং সেন্টারে শিক্ষকতায় অংশ নিতে পারবেন না। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

**সংযুক্তি:**
***"বিয়াম ফাউন্ডেশন পরিচালিত ও নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা নীতিমালা ২০২১" এর ৪র্থ অধ্যায় (পাঠদান কার্যক্রম) এর ২৭ নং অনুচ্ছেদ***

০১.০৬.২০২৫
(আমিনুল ইসলাম)
অধ্যক্ষ
বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, বগুড়া

**অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হল** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন
২। জেলা প্রশাসক, বগুড়া ও সভাপতি, গভর্নিং বডি, বিএলএসসি, বগুড়া
৩। পরিচালক (শিক্ষা), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা
৪। পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া
৫। অফিস কপি

'বিয়াম ফাউন্ডেশন পরিচালিত ও নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা নীতিমালা-২০২১'

## চতুর্থ অধ্যায়

### পাঠদান কার্যক্রম

২২। **পাঠ্যক্রম**– বিয়াম ফাউন্ডেশন নিয়ন্ত্রিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিয়াম ফাউন্ডেশন অনুমোদিত এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করিতে হইবে।

২৩। **শিক্ষা বর্ষপঞ্জি ও ক্লাস রুটিন**– শিক্ষা বোর্ড বা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করিতে হইবে। শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে এবং বিয়াম ফাউন্ডেশনের নির্দেশনা অনুযায়ী ক্লাস রুটিন প্রণয়নপূর্বক যথাযথভাবে ক্লাস পরিচালনা করিতে হইবে। বোর্ডের প্রয়োজন সাপেক্ষে রুটিনের এক কপি বোর্ডের কারিকুলাম শাখায় জমা দিতে হইবে।

২৪। **সহপাঠ্যক্রমিক কার্যক্রম**– বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক, বৃক্ষরোপণ, রোভারিং/গার্লস ইন রোভার, পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম ইত্যাদি সমাজ কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করিতে হইবে।

২৫। **শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ**– অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনে পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা থাকিতে হইবে।

২৬। **ছাত্র/ছাত্রীদের পোশাক-পরিচ্ছেদ**– প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিয়াম ফাউন্ডেশনের অনুমোদনক্রমে শৃঙ্খলা, ঐক্য ও শালীনতা ৩ (তিন) টি বিশেষ গুণের সমন্বয় সাধন এবং বাংলাদেশের ঋতু বৈচিত্র্যের প্রতি লক্ষ্য রাখিয়া ছাত্র-ছাত্রীদের জন্য পোশাক নির্ধারণ করিতে পারিবে।

২৭। **টিউশনি ও কোচিং**– বিয়াম নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীগণ প্রাইভেট টিউশনি, কোচিং সেন্টার পরিচালনা বা কোচিং সেন্টারে শিক্ষকতায় অংশ নিতে পারিবে না।

২৮। **সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা**– বেসরকারি উদ্যোগে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলিও এইক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২৯। **শিক্ষার্থীর শৃঙ্খলা ভঙ্গ ও অসদাচরণ**– অসদাচরণ বা শৃঙ্খলা ভঙ্গের জন্য পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কোন শিক্ষার্থীর বিরুদ্ধে বহিষ্কার বা অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।